বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

BAPEX বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিমিটেড (বাপেক্স)
বাপেক্স ভবন, ৪ কাওরান বাজার বা/এ, ঢাকা-১২১৫

মুজিব শতবর্ষ

স্মারক নম্বর: ২৮.০৯.০০০০.০৬১.০১.০০১.২২ (০৩) তারিখ: ০৪ এপ্রিল ২০২২

বিষয়: মার্চ ২০২২ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

**সভার স্থান** : বাপেক্স বোর্ড রুম
**তারিখ** : ২৯ মার্চ ২০২২
**সময়** : সকাল ১০.৩০ মিঃ
**সভাপতি** : জনাব মোহাম্মদ আলী, ব্যবস্থাপনা পরিচালক, বাপেক্স।
**উপস্থিতি** : পরিশিষ্ট 'ক'

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার সূচনা করেন। অতঃপর তিনি কোম্পানি সচিবকে আলোচ্য বিষয় অনুযায়ী আলোচনা শুরুর জন্য অনুরোধ করেন। মহাব্যবস্থাপক ও কোম্পানি সচিব ফেব্রুয়ারি ২০২২ মাসের সমন্বয় সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি এবং সভার অপরাপর আলোচ্য বিষয় উপস্থাপন করেন:

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | অকেজো মালামাল Condemn ঘোষণার উদ্যোগ গ্রহণ সংক্রান্ত | অকেজো মালামাল নিলামের প্রসঙ্গে মহাব্যবস্থাপক খনন জানান যে, তৃতীয় পর্যায়ের নিলামের তালিকা প্রণয়নের জন্য গঠিত কমিটির কাজ চলমান রয়েছে কমিটির কার্যকালের মেয়াদ ১৫ দিন বর্ধিত করা হয়েছে। নির্ধারিত সময়ে প্রতিবেদন দাখিল করা হবে। | দ্রুত কার্যকরী ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাব্যবস্থাপক (খনন) উপমহাব্যবস্থাপক (প্রকৌশল) এবং উপমহাব্যবস্থাপক(ভান্ডার) |
| ২ | Standby Top Drive (Compatible for both Rigs) সংগ্রহ প্রসঙ্গে | বিগত ২২ ফেব্রুয়ারি ২০২২ এর সমন্বয় সভার সিদ্ধান্ত মোতাবেক দুইটি Standby Top Drive (Compatible for both rigs) ক্রয় সংক্রান্ত গৃহীত কার্যক্রম প্রসঙ্গে মহাব্যবস্থাপক খনন/প্রকৌশল জানান যে, যেহেতু ২টি রিগেই আলোচ্য Top Drive ব্যবহৃত হবে, তাই উপযুক্ত একটি কারিগরি বিনির্দেশ প্রস্তুতের কাজ চলমান রয়েছে। এ পর্যায়ে সভাপতি খনন | অনতিবিলম্বে কমিটি গঠন পূর্বক উপযুক্ত একটি কারিগরি বিনির্দেশ প্রস্তুত কার্য সম্পন্ন করতে হবে। | মহাব্যবস্থাপক (খনন/প্রকৌশল) |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | বিভাগ এবং প্রকৌশল বিভাগের সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ কর্মকর্তাদের সমন্বয়ে একটি কমিটি গঠনের মাধ্যমে কারিগরি বিনির্দেশ প্রস্তুত সম্পন্ন করার জন্য নির্দেশনা প্রদান করেন। | | |
| ৩ | Rig এর জন্য প্রয়োজনীয় Fast moving / Slow moving spare parts সংগ্রহ প্রসঙ্গে | বিগত ২২ ফেব্রুয়ারি ২০২২-এ অনুষ্ঠিত সভায় মহাব্যবস্থাপক (প্রকৌশল) কোম্পানির রিগসমূহের জন্য প্রস্তাবিত Fast-moving এবং Slow-moving স্পেয়ার পার্টস সংগ্রহ কার্যক্রমের অগ্রগতি প্রসঙ্গে সভাকে জানান যে, স্পেয়ার পার্টস সংগ্রহ কার্যক্রম একটি চলমান প্রক্রিয়া। বর্তমানে কিছু স্পেয়ার পার্টস মালামাল ক্রয় প্রক্রিয়াধীন রয়েছে এবং আরো কিছু প্রয়োজনীয় স্পেয়ার পার্টস এর তালিকা প্রণয়নের কাজ চলমান আছে। পর্যায়ক্রমে প্রয়োজনীয় মালামাল ক্রয় ব্যবস্থা গ্রহণ অব্যাহত থাকবে। এ প্রসঙ্গে সভাপতি নির্বিঘ্নে খননকার্য পরিচালনায় প্রয়োজনীয় ক্ষেত্রে ৩ সেট স্পেয়ার পার্টস ক্রয়ের ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | প্রস্তাবিত Fast moving / Slow moving spare parts সংগ্রহের জন্য বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রকৌশল) |
| ৪ | ১টি Deep Drilling Rig (6000m + capacity ক্রয় প্রসঙ্গে | বিগত ২২ ফেব্রুয়ারি ২০২২ তারিখের সমন্বয় সভায় একটি ডিপ ড্রিলিং রিগ সংগ্রহ সংক্রান্ত সর্বসম্মত সিদ্ধান্তের প্রেক্ষিতে এ বিষয়ে অগ্রগতি প্রসঙ্গে মহাব্যবস্থাপক (প্রকৌশল) কারিগরি বিনির্দেশ তৈরির প্রাথমিক পর্যায়ের কাজ শুরু করা হয়েছে বলে সভাকে জানান। তবে তিনি একটি কমিটির মাধ্যমে কারিগরি বিনির্দেশ এবং দরপত্র দলিল প্রস্তুত করার পক্ষে মতামত ব্যক্ত করেন। এই প্রেক্ষিতে সভাপতি তিন সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠনের এবং একইসাথে একজন প্রকল্প ব্যবস্থাপক এর নাম প্রস্তাব করার নির্দেশনা প্রদান করেন। | কমিটি গঠন এবং প্রকল্প ব্যবস্থাপক নিযুক্ত করার মাধ্যমে আলোচ্য রিগ সংগ্রহের কাজ ত্বরান্বিত করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রকৌশল) |
| ৫ | মাধবপুর রিগ বেইজের ভূমি বাপেক্স-এর অনুকূলে রেজিস্ট্রেশন সম্পাদন | এ বিষয়ে সংশ্লিষ্ট কমিটির সদস্য ও অফিসার্স ওয়েলফেয়ার এসোসিয়েশনের সাধারণ সম্পাদক জনাব মাহবুবুর রশিদ, ব্যবস্থাপক (সেবা) জানান যে, মাধবপুর রিগ বেইজের ভূমি বাপেক্সের অনুকূলে রেজিস্ট্রেশনের বিষয়টি তিতাস গ্যাস টি এন্ড ডি- এর বোর্ড সভায় অনুমোদনের পর সম্প্রতি লীজ ডিড সম্পাদনের বিষয়ে তাদের সম্মতি পাওয়া গিয়েছে এবং শীঘ্রই লীজ ডিড সম্পাদন করা সম্ভব হবে। এ বিষয়ে সভাপতি অত্যন্ত নিষ্ঠার সাথে কাজ করার জন্য জনাব মোঃ মাহবুবুর রশিদ ব্যবস্থাপক (সেবা) এর প্রশংসা করেন এবং তাকে ধন্যবাদ জ্ঞাপন করেন। সভাপতি দ্রুততার সাথে লীজ ডিড সম্পাদনের জন্য নির্দেশনা প্রদান করেন। | দ্রুততম সময়ের মধ্যে লিজ ডিড সম্পাদন করতে হবে। | কোম্পানী সচিব<br>ও<br>জনাব মাহবুবুর রশিদ<br>ব্যবস্থাপক (সেবা) |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৬ | জকিগঞ্জ -২ কূপ খনন | এ প্রসঙ্গে ব্যবস্থাপক (ভূতত্ত্ব) জনাব সামান উদ্দিন জানান যে, জকিগঞ্জ-২ Well drilling-এর Feasibiliy Study চলমান আছে। Cost-estimation কমিটির কাজ শেষ পর্যায়ে। এসব Report এবং G & G কমিটির Report প্রাপ্তি সাপেক্ষে Feasibiliy Study Report দেয়া যাবে। | দ্রুততম সময়ে Report দাখিল করতে হবে। | মহাব্যবস্থাপক (ভূ-তত্ত্ব) |
| ৭ | Deep Drilling কার্যক্রম গ্রহণ | ১। শ্রীকাইল ডিপ-১ এবং মোবারকপুর ডিপ-১ এর অগ্রগতি প্রসঙ্গে মহাব্যবস্থাপক পরিকল্পনা জানান যে প্রাক্কলন কমিটির কাজ প্রায় সম্পন্ন হয়েছে। চলতি মার্চ মাসেই প্রাক্কলন প্রতিবেদন এবং ফিজিবিলিটি স্টাডি রিপোর্ট আগামী দুই সপ্তাহের মধ্যে দেওয়া হবে। মহাব্যবস্থাপক(ভূতাত্ত্বিক) জানান যে, এজন্য RFP প্রণয়ন কমিটির কাজ সম্পন্ন হয়েছে। ডিপ ড্রিলিং সংক্রান্তে পূর্ব অভিজ্ঞতা না থাকায় একটি পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের আবশ্যকতা রয়েছে। | অনতিবিলম্বে এসংক্রান্ত টেন্ডার বিজ্ঞপ্তি প্রকাশের ব্যবস্থা নিতে হবে | মহাব্যবস্থাপক (ভূ-তত্ত্ব) |
| ৮ | APA সংক্রান্ত কার্যক্রম | এতদসংক্রান্ত আলোচনা পর্বে সভাপতিAPA- এর Five Tools এর কার্যক্রমের বিষয়ে জানতে চাইলে সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ নিজ নিজ কার্যক্রমের বিবরণ দেন। সংশ্লিষ্টদের বক্তব্য শোনার পর সভাপতি সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে যথাসময়ে কার্য সম্পাদন ও APA- এর লক্ষ্যমাত্রা অর্জনে বিশেষ সতর্ক ও দায়িত্বশীল হওয়ার নির্দেশনা প্রদান করেন। এ পর্যায়ে সভাপতি সিনিয়র সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় ও পরিচালক, বাপেক্স বোর্ডের নির্দেশনার উল্লেখ করে কোম্পানির কার্যক্রমের প্রচার-প্রসারের বিষয়ে গুরুত্ব আরোপ করেন এবং উল্লেখযোগ্য কর্মকান্ডের ছবি ও তথ্য সংগ্রহ ও তার নিয়মিতভাবে কোম্পানির ওয়েব সাইটে আপলোড করার নির্দেশনা প্রদান করেন। এপিএ কর্মকান্ডের অগ্রগতির বিষয়ে অবহিত করার জন্য তিনি সকল ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণের সমন্বয় সভায় উপস্থিতি নিশ্চিত করার নির্দেশনা প্রদান করেন। | ক) এপিএ লক্ষ্যমাত্রা অর্জনে সকলকে দায়িত্ব সচেতন হতে হবে<br><br>খ) ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণের সমন্বয় সভায় উপস্থিতি নিশ্চিত করতে হবে।<br><br>গ) বাপেক্সের সার্বিক কর্মকান্ডের ছবি, ভিডিও ও তথ্যাদি ইত্যাদি নিয়মিত কোম্পানির ওয়েবসাইটে আপলোড করতে হবে। | মহাব্যবস্থাপক (পরিকল্পনা)<br>এ পি এ কমিটি<br>উপ-মহাব্যবস্থাপক(আইসিটি)<br>ও<br>ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৯ | বাপেক্সের কার্যক্রমের ওপর বিভিন্ন ছবি ও ভিডিওচিত্র সংগ্রহ প্রসঙ্গে | এ বিষয়ে মহাব্যবস্থাপক ও কোম্পানি সচিব বলেন যে, মন্ত্রণালয় পেট্রোবাংলাসহ বিভিন্ন ভিআইপিগন বাপেক্সের মাঠ পর্যায়ের কর্মকান্ড পরিদর্শনে গেলেও তাদের পরিদর্শনের তেমন কোন উল্লেখযোগ্য ছবি এবং ভিডিও প্রয়োজনে পাওয়া যায় না। বিশেষ করে এজিএম রিপোর্টে দেয়ার মত সুন্দর কোন ছবি পাওয়া যায় না। এছাড়া বাপেক্সের প্রচার কার্যে ব্যবহারের জন্য তেমন কোন ছবি সংরক্ষিত থাকে না। তাই ভিআইপিগণের ফিল্ড অথবা কর্মকান্ড পরিদর্শনকালে বাপেক্স সদর দপ্তর থেকে কোনো কর্মকর্তাকে নিযুক্ত করলে তিনি এসব ছবি ভিডিও সংরক্ষণ করতে পারেন। ব্যবস্থাপনা পরিচালক এ প্রস্তাবে সম্মত হয়ে ২ জন কর্মকর্তাকে নিযুক্ত করার সিদ্ধান্ত প্রদান করেন। | কোম্পানির গুরুত্বপূর্ণ কার্যক্রমের ছবি ও তথ্য নিয়মিত ভাবে সংগ্রহের জন্য জনাব মোঃ তৌহিদুল ইসলাম তালুকদার, ব্যবস্থাপক (সমন্বয়) ও জনাব মোঃ মাহবুবুর রশিদ, ব্যবস্থাপক (সেবা) -কে দায়িত্ব প্রদানের ব্যবস্থা গ্রহণ করবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন) |
| ১০ | শ্রীকাইল নর্থ-১ কূপের খনন কার্যক্রম শুরু করা প্রসঙ্গে | APA এর লক্ষমাত্রা অর্জনে শ্রীকাইল নর্থ-১ কূপের খনন কার্যক্রম ত্বরান্বিত করার বিষয়ে সভাপতি বিশেষ গুরুত্ব আরোপ করেন এবং এক্ষেত্রে সংশ্লিষ্ট সকলকে তৎপর হওয়ার নির্দেশনা প্রদান করেন। এ পর্যায়ে তিনি ৩০ জুন ২০২২ এর মধ্যে অন্তত ২০০ মিটার খনন সম্পন্ন করার লক্ষ্যমাত্রা প্রদান করেন। এ লক্ষ্যে সালদানদী গ্যাসক্ষেত্র হতে ১৫ মে ২০২২ এর মধ্যে শ্রীকাইল নর্থ-১ এ রিগ স্থানান্তর সম্পন্ন করার নির্দেশনা প্রদান করেন। ৩০ এপ্রিল ২০২২ এর মধ্যে সংশ্লিষ্ট রাস্তা প্রস্তুত করার নির্দেশ দেন। ১৬ মে ২০২২ এ রিগ দাঁড় করার কর্মকান্ড শুরু করতে হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট বিভাগ সমূহকে তৎপর হওয়ার জন্য সভাপতি নির্দেশ প্রদান করেন। | APA এর লক্ষমাত্রা অর্জনে শ্রীকাইল নর্থ-১ কূপের খনন কার্যক্রম ত্বরান্বিত করার মাধ্যমে ৩০ জুনের মধ্যে অন্তত ২০০ মিটার খনন কার্য নিশ্চিত করতে সংশ্লিষ্ট বিভাগসমূহ জরুরি ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | মহাব্যবস্থাপক (নির্মান)<br>মহাব্যবস্থাপক (প্রকৌশল)<br>মহাব্যবস্থাপক (খনন) |
| ১১ | কোম্পানির প্রতিটি স্থাপনায় হেলথ এন্ড সেফটি কার্যক্রম জোরদার করা প্রসঙ্গে | সভাপতির অনুমতিক্রমে ওয়েল সার্ভিসেস বিভাগের উপ-মহাব্যবস্থাপক (এইচ এস ই) ডঃ আব্দুস সালাম, কোম্পানির সর্বক্ষেত্রে হেলথ এন্ড সেফটি কার্যক্রম জোরদার করার লক্ষ্যে একটি প্রস্তাবনা উপস্থাপন করেন। তিনি হেলথ এন্ড সেফটি আইন-২০০১ অনুসরণে একটি ম্যানুয়াল প্রস্তুত করেছেন যা সব ফিল্ডে দেয়া যেতে পারে বলে সভাকে অবহিত করেন। কর্তৃপক্ষের অনুমোদন পেলে তিনি এই ম্যানুয়াল এর কার্যকারিতা নিশ্চিত করতে সার্বিক ব্যবস্থা গ্রহণ করবেন বলে উল্লেখ করেন। এছাড়াও তিনি প্রত্যেকটি ফিল্ডে হেলথ এন্ড সেফটি প্রতি পালনের ক্ষেত্রে একটি পুরস্কারের (সার্টিফিকেট/ক্রেস্ট) এর ব্যবস্থা রাখার পক্ষে মতামত ব্যক্ত করেন। | কোম্পানির প্রতিটি স্থাপনায় হেলথ এন্ড সেফটি কার্যক্রম জোরদার করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। হেলথ এন্ড সেফটি কার্যক্রম বাস্তবায়নের জন্য উপ-মহাব্যবস্থাপক(এইচ এস ই) ডক্টর আবদুস সালামকে মনিটরিং ও সুপারভিশনের পূর্ণ ক্ষমতা প্রদান করা হলো। | মহাব্যবস্থাপক (ওয়েল সার্ভিসেস)<br>ও<br>উপ-মহাব্যবস্থাপক (এইচ এস ই) |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | উপস্থাপিত বিষয়ে সভাপতি সদয় সম্মতি জ্ঞাপন করেন এবং হেলথ এন্ড সেফটি গাইডলাইন প্রতিটি স্থাপনায় যথাযথ স্থানে টাঙিয়ে দেয়ার নির্দেশনা প্রদান করেন। হেলথ এন্ড সেফটি রুলস কার্যকর করতে তিনি সংশ্লিষ্ট কর্মকর্তাকে স্থাপনা পরিদর্শন করে তদারকির নির্দেশনা দেন। | | |
| ১২ | প্রকল্প পরিচালক ও প্রকল্পসংশ্লিষ্ট নির্মাণ বিভাগীয় ইঞ্জিনিয়ারগণ এর প্রকল্প এলাকায় অবস্থান প্রসঙ্গে | এপিএ এর লক্ষ্যমাত্রা অর্জন সংক্রান্ত আলোচনার এক পর্যায়ে সভাপতি প্রকল্পের অগ্রগতি আরো বেগবান করতে প্রকল্পসমূহের পরিচালক এবং প্রকল্পের নির্মাণ বিভাগের ইঞ্জিনিয়ারগণের প্রকল্প এলাকায় অবস্থান করা জরুরি বলে উল্লেখ করেন। এ প্রেক্ষিতে তিনি সকল প্রকল্প পরিচালক ও প্রকল্প সংশ্লিষ্ট নির্মাণ বিভাগীয় ইঞ্জিনিয়ারগণকে প্রকল্প এলাকায় অবস্থানের নির্দেশনা দিয়ে প্রয়োজনীয় দপ্তরাদেশ জারি করার জন্য নির্দেশ প্রদান করেন। | সকল প্রকল্প পরিচালক ও সিভিল ইঞ্জিনিয়ারগনকে আবশ্যিকভাবে প্রকল্প এলাকায় অবস্থানের নির্দেশনা দিয়ে দপ্তর আদেশ জারি করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন) |
| ১৩ | বাপেক্স ভবনে ব্যবহৃত/খাবার পানির বিশুদ্ধতা নিশ্চিত করা প্রসঙ্গে | এ প্রসঙ্গে মহাব্যবস্থাপক (পরীক্ষাগার) বলেন, বাপেক্স ভবনে ওয়াসার পানিতে দুর্গন্ধ পাওয়া যাচ্ছে যা বাপেক্সের জনগণের স্বাস্থ্যের জন্য ক্ষতিকর হতে পারে। বিষয়টি সভাপতি গুরুত্বের সাথে গ্রহণ করেন এবং বাপেক্স ভবনে ব্যবহৃত পানির বিশুদ্ধতা নিশ্চিত করার জন্য সেবা উপ বিভাগকে নির্দেশ দেন। এক্ষেত্রে তিনি নিয়মিত ভবনের পানির ট্যাংক পরিষ্কার পরিচ্ছন্ন রাখার এবং ব্লিচিং পাউডার ব্যবহার করে জীবাণুমুক্ত করার নির্দেশ প্রদান করেন। | বাপেক্স ভবনে ব্যবহার্য পানির বিশুদ্ধতা নিশ্চিত করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন)<br>ও<br>উপমহাব্যবস্থাপক (সেবা) |
| ১৪ | কোম্পানির রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট (আর এন্ড ডি) বিভাগকে শক্তিশালী করা প্রসঙ্গে | এ বিষয়ে মহাব্যবস্থাপক ও কোম্পানি সচিব বলেন যে, আর এন্ড ডি বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং একটি তেল-গ্যাস অনুসন্ধান ও উৎপাদন কার্যক্রম মূল্যবান ভূমিকা রাখতে পারে। তাই কোম্পানির বিভাগকে শক্তিশালী করার বিষয়টি তিনি সভায় উপস্থাপন করেন। এ প্রসঙ্গে মহাব্যবস্থাপক (ভূতত্ত্ব) বলেন যে, গবেষণার বিষয় নির্বাচন ও গবেষণা পরিচালনায় বিশ্ববিদ্যালয়ের সহযোগিতা নেয়া যেতে পারে। মহাব্যবস্থাপক (উৎপাদন) বলেন যে, ইতিপূর্বে আর এন্ড ডি বিষয়ে একটি কমিটির প্রতিবেদন রয়েছে সেই প্রতিবেদনের আলোকে আর এন্ড ডি কার্যক্রমকে জোরদার করার বিষয়ে মহাব্যবস্থাপক (আর এন্ড ডি) একটি প্রস্তাবনা ব্যবস্থাপনা পরিচালক মহোদয় বরাবর উপস্থাপন করতে পারেন। এ বিষয়ে সভাপতি সদয় সম্মতি জ্ঞাপন করেন। | আর এন্ড ডি কার্যক্রমকে শক্তিশালী করার জন্য মহাব্যবস্থাপক (আর এন্ড ডি) একটি প্রস্তাব উপস্থাপন করতে পারেন। | মহাব্যবস্থাপক (আর এন্ড ডি) |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১৫ | দ্রুততম সময়ে দরপত্র মূল্যায়ন সম্পন্ন করা প্রসঙ্গে | এ পি এ সংক্রান্ত আলোচনার এক পর্যায়ে সভাপতি কোম্পানির ক্রয় কার্যক্রমে গতিশীলতা বৃদ্ধির লক্ষ্যে ন্যূনতম সময়ের মধ্যে দরপত্র মূল্যায়ন সম্পন্ন করতে মূল্যায়ন কমিটি সমূহের প্রতি নির্দেশনা প্রদান করেন। এ প্রেক্ষিতে তিনি অনধিক দুই সপ্তাহের মধ্যে মূল্যায়ন কার্য সম্পন্ন করার জন্য বর্তমান ও ভবিষ্যৎ মূল্যায়ন কমিটির সমূহের প্রতি নির্দেশ প্রদান করেন। | অনধিক দুই সপ্তাহের মধ্যে দরপত্র মূল্যায়ন সম্পন্ন করে প্রতিবেদন দাখিল করতে হবে | মূল্যায়ন কমিটিসমূহ |

আর কোন আলোচনা না থাকায় সকলের নিরাপদ ও সুস্থ্য জীবন কামনা করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৪/০৫/2022
(মোহাম্মদ আলী)
ব্যবস্থাপনা পরিচালক
এবং
সভাপতি, মাসিক সমন্বয় সভা

বিতরণ (অবগতি ও কার্যার্থে):

১) মহাব্যবস্থাপক/উপমহাব্যবস্থাপক/প্রকল্প পরিচালক/স্থাপনা প্রধান.........................................................................................., বাপেক্স।